রাত্রিকালে এমন একটি সময় রয়েছে যে সময় কোনো মুসলিম আল্লাহর কাছে দুনিয়া ও আখিরাতের কোনো কল্যাণের প্রার্থনা করলে আল্লাহ অবশ্যই তাকে তা দান করেন। আর সে সময়টি রয়েছে প্রতি রাতে।

জাবির রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছি, “রাত্রিকালে এমন একটি সময় রয়েছে যে সময় কোনো মুসলিম আল্লাহর কাছে দুনিয়া ও আখিরাতের কোনো কল্যাণের প্রার্থনা করলে আল্লাহ
অবশ্যই তাকে তা দান করেন। আর সে সময়টি রয়েছে প্রতি রাতে।” [সহীহ] [এটি মুসলিম বর্ণনা করেছেন।]

প্রতি রাতে একটি সময় রয়েছে যখন দো‘আ করলে তা কবুল করা হয়। অতএব, কোনো মুসলিম যদি সে সময়ে হারাম ব্যতীত কোনো দো‘আ করে আল্লাহ অবশ্যই তার দো‘আ কবুল করবেন। আর সেটি হচ্ছে রাতের শেষ তৃতীয়াংশ- যা অন্যান্য সহীহ হাদীসের দ্বারা প্রমাণিত।

http://www.sunnah.global/hadeeth/bn/show/3625